



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার নং-১২

তারিখ: ১২ মে ২০২৬
২৯ বৈশাখ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ভিসা আবেদনের জন্য ব্যাংক স্টেটমেন্টসহ অন্যান্য দলিলাদি যাচাই প্রসঙ্গে।

বাংলাদেশ হতে বিভিন্ন দেশের ভিসা আবেদনের সময় বাংলাদেশী নাগরিকদেরকে কোনো কোনো দূতাবাস/ভিসা সেন্টারের চাহিদার প্রেক্ষিতে ব্যাংক স্টেটমেন্ট, সলভেন্সি সার্টিফিকেট, ইনভেস্টমেন্ট সার্টিফিকেট ইত্যাদি দলিলাদি দাখিল করতে হয়। ব্যাংক কর্তৃক সরবরাহকৃত এ ধরনের দলিলাদির তাৎক্ষণিক সঠিকতা যাচাইয়ের ব্যবস্থা না থাকায় তা যাচাইয়ের ক্ষেত্রে দূতাবাস/ভিসা সেন্টারসমূহ অসুবিধার সম্মুখীন হচ্ছে মর্মে এ কার্যালয় অবহিত হয়েছে। ভিসা আবেদন নিষ্পত্তিতে সময় ও প্রশাসনিক ব্যয় হ্রাস এবং সঠিকতা যাচাই সহজতর করার জন্য উল্লিখিত দলিলাদি তাৎক্ষণিকভাবে ডিজিটালি যাচাইযোগ্য করার আবশ্যিকতা পরিলক্ষিত হয়।

২। এক্ষেত্রে, বিভিন্ন দূতাবাস বা ভিসা সেন্টার কর্তৃক দ্রুত এবং কার্যকরভাবে ব্যাংক স্টেটমেন্টসহ অন্যান্য দলিলাদির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে ব্যাংক কর্তৃক এ ধরনের দলিলাদি সরবরাহের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো:

ক) হিসাবধারী কর্তৃক ভিসা আবেদনের লক্ষ্যে যাচিত ব্যাংক স্টেটমেন্ট, সলভেন্সি সার্টিফিকেট, ইনভেস্টমেন্ট সার্টিফিকেট ইত্যাদি দলিলাদিতে আবশ্যিকভাবে একটি অনলাইন যাচাইযোগ্য Quick Response (QR) কোড সংযুক্ত করতে হবে;

খ) উক্ত QR কোড স্ক্যানের মাধ্যমে গ্রাহকের ব্যাংক স্টেটমেন্ট সংশ্লিষ্ট ন্যূনতম নিম্নোক্ত তথ্যসমূহ যাচাই এর ব্যবস্থা নিশ্চিত করতে হবে:

- (১) Account Number
- (২) Account Name
- (৩) Report Date Opening Balance
- (৪) Report Date Closing Balance
- (৫) Statement Generation Date;

গ) উক্ত তথ্যসমূহ ন্যূনতম ০৬ মাস সংরক্ষিত থাকবে এবং যাচাইযোগ্য হবে।

৩। উপরোক্ত নির্দেশনা অনুসরণের লক্ষ্যে ব্যাংকসমূহকে সার্কুলার জারির তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে সিস্টেম প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ধরনের ব্যবস্থা প্রবর্তনের ক্ষেত্রে সাইবার সিকিউরিটি ও তথ্য সংরক্ষণ সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান অনুসরণ নিশ্চিত করতে হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২